দৈনিক খবর

তারিখ ... 22 APR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

12

## চট্টগ্রাম ভার্সিটি ছাত্রদের সার্বক্ষণিক পরিচয়পত্র

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২১শে এপ্রিল।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে ক্যাম্পাসে অবস্থানকালে সার্বক্ষণিকভাবে পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।

আজ রোববার উপাচার্যের সভাপতিত্বে বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয় সভাপতি, হল প্রভোস্ট, হাউস টিউটর, প্রোক্টর ও সহকারী প্রোক্টরদের এক যৌথ সভায় এ

২-এর পাতায় দেখুন

## চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের হলসমূহ ২৩শে এপ্রিল খুলছে এবং পরের দিন থেকে ক্লাস শুরু হবে। সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আবাসিক হলসমূহে কেবল বরাদ্দপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরাই থাকতে পারবে এবং তাদেরকে ২৩শে এপ্রিল সকাল ১০টা থেকে রাত ৯টার মধ্যে পরিচয়পত্র দেখিয়ে হলে প্রবেশ করতে হবে। ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ করতে দেয়া হবে না। বৈঠকে বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃংখলা বজায় রাখার ব্যাপারে ছাত্র-ছাত্রী ও পুলিশ প্রশাসনের সহায়তা কামনা করা হয়েছে। উল্লেখযোগ্য যে, ৪ মাস বন্ধ থাকার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে।